সোনালী ব্যাংক লিমিটেড
সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট )
প্রধান কার্যালয় ,ঢাকা।

# সোনালী ব্যাংক লিমিটেড এর আয়কর উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

সোনালী ব্যাংক লিমিটেড এর আয়কর উপদেষ্টা নিয়োগের জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে সিএ ফার্ম এর নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

০১। আবেদনকারী প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত সিএ ফার্ম হতে হবে।

০২। সিএ ফার্মকে ব্যাংকের কর্পোরেট ট্যাক্স সংক্রান্ত কাজের দক্ষতাসহ কর কমিশনার (আপীল) এবং কর আপীলাত ট্রাইবুনালে আপীল মামলা পরিচালনায় পারদর্শী হতে হবে। এক্ষেত্রে ব্যাংকের কর্পোরেট ট্যাক্স সংক্রান্ত কাজের ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন এক বা একাধিক Resource Person ফার্মে থাকতে হবে।

০৩। যে সকল অডিট ফার্ম/উহার অংশীদারগণের সোনালী ব্যাংক লিমিটেড এর নিকট ঋণ/দায়-দেনা রয়েছে তারা আবেদন করতে পারবেন না।

০৪। কোনো সিএ ফার্ম এর অংশীদার সোনালী ব্যাংক লিমিটেড এর পরিচালক বা সোনালী ব্যাংক লিমিটেড এর সাবসিডিয়ারি কোনো প্রতিষ্ঠানের পরিচালক কিংবা সোনালী ব্যাংক লিমিটেড এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে নিয়োজিত হতে পারবেন না।

০৫। সোনালী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদের সদস্য, উর্ধ্বতন নির্বাহী কিংবা তাদের পোষ্যদের সাথে ফার্মের কোনো সংশ্লিষ্টতা থাকতে পারবে না।

সংযুক্ত Terms of Reference (TOR) মোতাবেক আগ্রহী ফার্মসমূহকে তাদের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতার বিস্তারিত বিবরণসহ আগ্রহপত্র (Expression of interest) সিলগালাকৃত খামে আগামী ১৬-০৫-২০২৩ তারিখের মধ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০২/০৫/২০২৩
(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ সোনালী ব্যাংক লিমিটেড এর আয়কর উপদেষ্টা নিয়োগের Terms of Reference (TOR)।

সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(পেমেন্ট)
<u>ট্যাক্স এন্ড ভ্যাট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট</u>

## <u>সোনালী ব্যাংক লিমিটেড এর আয়কর উপদেষ্টা নিয়োগের Terms of Reference (TOR):</u>

১.০০ <u>আয়কর উপদেষ্টার কার্যাবলীঃ</u>

(১) প্রতিটি অর্থবছর তথা কর বছরের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে বাৎসরিক কর দায় নির্ধারণ, রিটার্ণ প্রস্তুতকরণ ও দাখিল এবং Acknowledgement Receipt সংগ্রহ ও লিয়াজো রক্ষা করা।

(২) সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্ণ দাখিলের পর DCT কর্তৃক জারীকৃত নোটিশ/মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যাখ্যা-বিশ্লেষণ তৈরী করে যথাসময়ে শুনানীতে অংশগ্রহণ;

(৩) DCT কর্তৃক জারীকৃত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা; উক্ত আদেশ প্রাপ্তির পর ব্যাংক স্বার্থের কথা বিবেচনা করে যথাযথভাবে Scrutiny করে মতামত প্রদান এবং ব্যাংকের ন্যায্য পাওনা আদায়ের লক্ষ্যে DCT এর আদেশের বিপরীতে কর কমিশনার (আপীল) এর বরাবর আপীল মামলা দায়ের। এ লক্ষ্যে Appeal Application, Grounds of Appeal তৈরীকরণ, Grounds of Appeal এর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি, কাগজপত্রাদি ব্যাংক থেকে সংগ্রহ করা; শুনানীতে অংশ গ্রহণের জন্য Written Argument তৈরী করা, শুনানীতে অংশ গ্রহণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাজ;

(৪) কর কমিশনার (আপীল) কর্তৃক জারীকৃত আদেশ ও উক্ত আদেশের প্রেক্ষিতে ডিসিটি কর্তৃক প্রণীত সংশোধিত কর নির্ধারণী আদেশ সংগ্রহ করা; উক্ত আদেশ প্রাপ্তির পর ব্যাংক স্বার্থ বিবেচনা করে যথাযথভাবে Scrutiny করে মতামত প্রদান এবং ব্যাংকের ন্যায্য পাওনা আদায়ের লক্ষ্যে কর কমিশনার (আপীল) এর আদেশের বিপরীতে কর আপীলাত ট্রাইবুনাল সমীপে যথাসময়ে আপীল মামলা দায়ের করা;

এ লক্ষ্যে Certified copies of all assessment order সংগ্রহ, Appeal Application, Grounds of Appeal তৈরী করা, Grounds of Appeal এর স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য, কাগজপত্রাদি সংগ্রহ করা; ১৫৮(২) ধারা মোতাবেক ১০% হারে প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করা; শুনাণীতে অংশ গ্রহণের জন্য Written Argument তৈরী করা, শুনানীতে অংশ গ্রহণ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাজ;

(৫) জাতীয় রাজস্ব বোর্ডের অধীন বিভিন্ন কার্যালয় হতে পরিচালিত কর্পোরেট ট্যাক্স সংক্রান্ত নিরীক্ষা এবং ADR সংশ্লিষ্ট তথ্য উপাত্ত তৈরী ও লিয়াজো রক্ষা করা এবং এ সম্পর্কিত জবাব তৈরীতে পরামর্শ/সহায়তা করাসহ আপত্তি নিষ্পত্তিতে ভূমিকা পালন এবং তাদের ইস্যুকৃত বিভিন্ন পত্রের জবাব/ব্যাখ্যা তৈরী এবং সংশ্লিষ্ট অফিসে দাখিলসহ আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;

চলমান পাতা-০২

এছাড়া নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করতে হবেঃ

(ক) বিভিন্ন খরচের উপর Withholding Tax কর্তন করা হয়েছে কিনা তা যাচাই করা;

(খ) ব্যাংকের ফেরতপ্রাপ্য কর নির্ধারণ ও আদায়/ সমন্বয় এবং Tax Credit সমন্বয় সংক্রান্ত কাজ;

(গ) অগ্রিম কর পরিশোধ সংক্রান্ত কাজ;

(ঘ) কোন কর নির্ধারণী আদেশের হিসাবায়নে ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) রিটার্ণে যে সকল ব্যয় দাবী করা হয়েছে অথচ আয়কর কর্তৃপক্ষ তা অনুমোদন করেনি সেগুলো যাচাই করা;

(চ) মহামান্য হাইকোর্টে রেফারেন্স আবেদন দাখিলের নিমিত্ত উপ-কর কমিশনার, কর কমিশনার (আপীল), কর আপীলাত ট্রাইবুনাল কর্তৃক জারীকৃত আদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করা;

(ছ) ব্যাংক কর্তৃক প্রণীত কোন ড্রাফট Vetting এবং চাহিদা মোতাবেক আইনগত মতামত প্রদান;

(জ) কর্পোরেট ট্যাক্স সংক্রান্ত অন্যান্য কাজ।

(ঝ) ব্যাংক স্বার্থ রক্ষার্থে আয়কর সংক্রান্ত বিভিন্ন বিষয়ে উপদেশ ও মতামত প্রদান এবং ব্যাংক কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে আয়কর সংক্রান্ত অন্যান্য বিবিধ কার্যাবলী সম্পাদন করা।

২.০০ আয়কর উপদেষ্টার সম্ভাব্য পারিশ্রমিকঃ

| রিটার্ণ প্রস্তুত ও দাখিল থেকে উপ-কর কমিশনার পর্যায়ে চূড়ান্ত আদেশ জারী পর্যন্ত সমুদয় কার্যক্রম বাবদ ফি (টাকায়) | কর কমিশনার (আপীল) পর্যায়ে মামলা পরিচালনা ও চুড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত সমুদয় কার্যক্রম বাবদ ফি (টাকায়) | ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইবুনাল পর্যায়ে মামলা পরিচালনা ও চুড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত সমুদয় কার্যক্রম বাবদ ফি (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | | ০৩ (তিন) টি পর্যায়েই সমুদয় কার্যক্রমের ফি এর মধ্যে ট্যাক্স অর্ন্তভুক্ত থাকবে। তবে ভ্যাট ব্যাংক কর্তৃক পরিশোধ করা হবে। চুড়ান্ত আদেশ/চুড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোন বিল দাখিল করা যাবেনা। |

TOR এ উল্লেখিত প্রতিটি কাজের জন্য উপরোক্ত ছক মোতাবেক পৃথকভাবে ফি এর হার উল্লেখ করতে হবে। যদি একাধিক প্রতিষ্ঠান একই পর্যায়ে সমান ফি উদ্ধৃতি করে আগ্রহপত্র দাখিল করে সেক্ষেত্রে ৩ (তিন) টি পর্যায়ের উদ্ধৃত ফি যোগ করে সর্বনিম্ন উদ্ধৃতকারী প্রতিষ্ঠানকে নির্বাচন করা হবে।

৩.০০ আয়কর উপদেষ্টার নিয়োগে অন্যান্য শর্তাবলীঃ

প্রাথমিকভাবে নিয়োগের মেয়াদকাল হবে ০৩ (তিন) বছর। পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিতে তা বৃদ্ধি করা যাবে।

০২/০৫/২০২৩

(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার